

2018/TDC/ODD/BNGG-101T/066

TDC (CBCS) Odd Semester Exam., 2018

BENGALI

(1st Semester)

Course No. : BNGGEC-101T/
BNGDSC-101T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে উত্তর দেওয়া আবশ্যিক

গুচ্ছ—১

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

(খ) 'চর্যাপদ'-এর পুথিটি কোথা থেকে আবিষ্কৃত হয়েছে?

(গ) 'চর্যাপদ'-এর পুথিতে সর্বমোট কয়টি পদ ছিল?

(ঘ) 'চর্যাপদ'-এর কবিরা নিজেদের নামের সঙ্গে কি উপাধি ধারণ করতেন ?

(ঙ) 'চর্যাপদ' বাংলা সাহিত্যের কোন যুগের গ্রন্থ ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

(ক) 'চর্যাপদ'-এর ভাষাকে 'সম্বাভাষা' বলা হয়েছে কেন ?

(খ) 'চর্যাপদ' কে আবিষ্কার করেন ? প্রকাশকালে তার নাম কি দেওয়া হয়েছিল ?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'চর্যাপদ' গ্রন্থটিতে তৎকালীন সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে বর্ণনা করো।

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'চর্যাগীতি'র ঐতিহাসিক মূল্য নির্ধারণ করো।

গুচ্ছ—২

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) :

১×৪=৪

(ক) কবি বড়ু চণ্ডীদাস কোন দেবীর উপাসক ছিলেন ?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থে সর্বমোট কয়টি ষণ্ড আছে ?

(গ) কবি বিদ্যাপতি মূলত কোন ভাষায় তাঁর বৈষ্ণব পদগুলি রচনা করেছিলেন ?

(ঘ) কবি জ্ঞানদাসকে কোন কবির ভাবশিষ্য বলা হয় ?

(ঙ) গোবিন্দদাসকে কোন রস পর্যায়ের শ্রেষ্ঠ কবি বলা হয় ?

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

২

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে, কোথা থেকে আবিষ্কার করেন ?

(খ) পদাবলীর চণ্ডীদাস চৈতন্য-পূর্ববর্তী না চৈতন্য-পরবর্তী যুগের কবি ? কোন গ্রামে তাঁর বাস ছিল বলে পণ্ডিতদের অনুমান ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৮

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির ঐতিহাসিক গুরুত্ব উল্লেখ করে এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) কবি গোবিন্দদাসের সংক্ষিপ্ত পরিচিতি উল্লেখ করে বৈষ্ণব পদ রচনায় তাঁর দক্ষতার পরিচয় দাও।

গুচ্ছ—৩

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) :

১×৪=৪

(ক) বিজয়গুপ্তের 'মনসামঙ্গল'-এর পুথিটি কি নামে পরিচিত ছিল ?

- (খ) 'চণ্ডীমঙ্গল'-এর আদি কবি বলে পরিচিত কবির নাম কী?
- (গ) 'শূন্যপুরাণ' কার লেখা?
- (ঘ) কোন্ অঞ্চলে ধর্ম ঠাকুরের পূজা সমধিক প্রচলিত ছিল?
- (ঙ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কোন্ শতাব্দীর কাব্য?

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

- (ক) মুকুন্দরামের 'অভয়ামঙ্গল'-এ কয়টি খণ্ড আছে? খণ্ডগুলির নাম কী কী?
- (খ) সপ্তদশ শতাব্দীর দুজন জনপ্রিয় 'মনসামঙ্গল'-এর কবির নাম লেখো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) যে কোনো দুজন 'মনসামঙ্গল' কাব্য রচয়িতার কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (খ) "মধ্যযুগে জয়গ্রহণ করেও জীবনদৃষ্টি ও জীবনচেতনার প্রশ্নে মুকুন্দরাম ছিলেন স্বতন্ত্র ব্যক্তিত্ব।" এই মন্তব্যের নিরিখে মুকুন্দরাম চক্রবর্তীর উৎকৃষ্ট সাহিত্য রচনার কৃতিত্ব আলোচনা করো।

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

- (ক) মূল বাঙ্গালীকি 'রামায়ণ' কয়টি কাণ্ডে বিভক্ত?
- (খ) 'রামায়ণ'-এর সব থেকে প্রসিদ্ধ বাংলা অনুবাদকের নাম কী?
- (গ) বাংলা 'রামায়ণ' অনুবাদের ধারায় একজন মহিলা কবি ছিলেন তাঁর নাম কী?
- (ঘ) 'মহাভারত'-এর প্রথম বাংলা অনুবাদক কাকে বলা হয়?
- (ঙ) কবি কাশীরাম দাস কোন্ শতকের কবি?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

- (ক) কবি কৃত্তিবাস কোন্ গ্রামের অধিবাসী ছিলেন? তাঁর অনূদিত 'রামায়ণ' গ্রন্থটির নাম কী?
- (খ) কবি কাশীরাম দাসের কৌলিক উপাধি কি ছিল? তিনি 'মহাভারত'-এর কয়টি পর্বের অনুবাদ করেছিলেন বলে পণ্ডিতদের অনুমান?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) কবি কৃত্তিবাস ওঝার কবি পরিচিতি ও সংক্ষিপ্ত জীবনতথ্য উল্লেখ করে অনুবাদক হিসেবে তাঁর অবদান আলোচনা করো।

(6)

- (খ) 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কবি কশীরাম দাসের অনূদিত গ্রন্থটির বৈশিষ্ট্য সম্পর্কে লেখো।

গুচ্ছ—৫

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : $১ \times ৪ = ৪$

- (ক) শাক্ত পদাবলী কোন্ শতকের রচনা ?
- (খ) “গিরি এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনবো না।” উদ্ধৃত কবিতা অংশটি শাক্ত পদাবলীর কোন্ পর্যায়ের অন্তর্ভুক্ত ?
- (গ) ‘সাদকরঞ্জন’ গ্রন্থটি কার রচিত ?
- (ঘ) কোন্ বিখ্যাত রোমান্টিক আখ্যান কাব্যের জন্য কবি দৌলতকাজী প্রসিদ্ধ ?
- (ঙ) ‘পদ্মাবতী’ কাব্যটি কার রচিত ?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

- (ক) শাক্ত পদাবলীর দুজন উল্লেখযোগ্য কবির নাম লেখো।
- (খ) দৌলতকাজী কোন্ রাজসভার কবি ছিলেন? তাঁর রচিত অর্ধসমাপ্ত কাব্য ‘সতী ময়না’র অবশিষ্ট অংশ কে রচনা করেন ?

(7)

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) ‘আগমনী’ ও ‘বিজয়া’ শীর্ষক পদগুলিতে বাঙালি মাতা ও কন্যার যে অসহায়তা ও হৃদয়বেদনা প্রকাশ পেয়েছে, যে কোনো একজন শাক্ত পদকারের পদ অবলম্বনে তার পরিচয় দাও।
- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে, আলোচনা করো।
